

২০২০

বাংলা — সাধারণ

চতুর্থ পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

SET - 3

বিভাগ - ক

১। (ক) যে-কোনো দশটি শব্দের বাংলা পরিভাষা লেখো। ২০

Aesthetics, Blank verse, Classical, Dialect, Elegy, Fantasy, Hamartia, Irony, Mimesis, Naturalism, Opera, Paradox, Romance, Saga, Triad, Utopia.

অথবা,

(খ) নিম্নলিখিত অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো। ২০

Sister Nivedita, known as Margaret Elizabeth Noble, in earlier life, was born in Ireland in 1867. After finishing her education, she settled down in England in the teaching profession. During this period, she happened to meet Swami Vivekananda at a London house. Greatly attracted by his teachings, she accepted him as her Master and followed him to India for dedicating herself to the uplift of Indian women.

বিভাগ - খ

২। (ক) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে-কোনো দুটি)। ১০×২

(অ) স্বরলোপ

(আ) বিপর্যাস

(ই) সাদৃশ্য

(ঈ) অপভাষা।

অথবা,

(খ) নিম্নলিখিত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করো। ২০

নজরুল ইসলাম শুধু 'বিদ্রোহী' কবি নন, তিনি প্রেমেরও কবি। তাঁর প্রেমের কবিতায় বারবার শোনা যায় এক অভিমानी প্রেমিকের কাতর স্বর, যা, আধুনিক বাংলা কাব্যে একেবারে নতুন।

Please Turn Over

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

পাকা রাস্তা নির্মাণের জন্য স্থানীয় বিধায়ক মহোদয়কে একটি পত্র রচনা করো।

২০

বিভাগ - গ

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

২০×২

(ক) শব্দদূষণ নিয়ে দুই অসুস্থ মানুষের কাল্পনিক সংলাপ রচনা করো।

২০

অথবা,

(খ) জলের অপচয় নিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

২০

(গ) পরিশ্রুত পানীয় জলের ব্যবস্থা ও শৌচালয়ের নিয়মিত পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য অধ্যক্ষ মহাশয়কে একটি পত্র লেখো।

২০

অথবা,

(ঘ) এলাকায় একটি বইমেলা আয়োজনের লক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

২০

(ঙ) নিম্নলিখিত বিষয়গুলি থেকে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো (অনধিক ৩০০ শব্দে)।

২০

(অ) কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(আ) জাতীয় সংহতি ও ছাত্রসমাজ

(ই) বিজ্ঞানের অগ্রগতি ও মানবসমাজ

(ঈ) বাংলা শিশুসাহিত্য।

## বিভাগ - ঘ

## প্রফ সংশোধন করো

রোল ..... নম্বর .....

৮। মূল কপিটি দেখে প্রফ কপিটি সংশোধন করো (অন্তত ২০টি)।

২০

মূল কপি ও সংশোধিত প্রফ কপি উত্তরপত্রের সঙ্গে অবশ্যই যুক্ত করে দিতে হবে। রোল এবং নম্বর লেখা আবশ্যিক।

## মূলকপি—

তোমার সঙ্গে রোজ কলহ

তবু তোমার সঙ্গে আছি,

কালো রুমাল জানে শুধু—

আমি কেমন কানামাছি!

কানামাছি মৌমাছি নয়

তবু মধুর খোঁজ রাখি,

কানা বলেই ভালোবাসি তার—

নীড় দেলানো আঁখি।

## প্রফকপি—

তোমাড় সঙ্গে কলহ রোজ রোজ

তবুর তোমর আচি সঙ্গে

কাল রুমালল জাবে সুধু—

আম কেমন কানামছি

কানামাছ মৌমাছি নহে

তবু মধুড় খোঁজ রাখি

কানা বলেও ভালবাসী তাড়

নীড় দো লা নো আখি।

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নিম্নলিখিত বানানগুলি সংশোধন করো।

২০

সহযোগীতা, ঐক্যতান, নুপুর, সমিচিন, অধিবেসন, অশনী, কলাকৌশলী, জলপানী, দধীচী, পিঠস্থান।